

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২৬

উদয়পুর, শান্তিরবাজার, ৩১ মে, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪
ভোট গণনার প্রস্তুতি খতিয়ে দেখতে
গোমতী ও দক্ষিণ ত্রিপুরা জেলা সফরে সিইও



রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক (সিইও) পুনিত আগরওয়াল আজ লোকসভা নির্বাচনের ভোট গণনার প্রস্তুতি খতিয়ে দেখতে গোমতী ও দক্ষিণ ত্রিপুরা জেলা সফর করেন। সকালে মুখ্য নির্বাচন আধিকারিক প্রথমে গোমতী জেলার উদয়পুর মহকুমার ভোট গণনা কেন্দ্র পরিদর্শন করেন। উদয়পুর রমেশ ইংলিশ মিডিয়াম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে মহকুমার ৩০-বাগমা (এসটি), ৩১-রাধাকিশোরপুর, ৩২-মাতাবাড়ি ও ৩৩-কাকড়াবন-শালগড়া (এসসি) বিধানসভা ক্ষেত্রের ভোট গণনা কেন্দ্রগুলি পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি গণনা কেন্দ্রের প্রস্তুতি ও আইন শৃঙ্খলা সংক্রান্ত বিষয় খতিয়ে দেখেন। এছাড়া মুখ্য নির্বাচন আধিকারিক মিডিয়া সেন্টার ও গণনা পর্যবেক্ষকদের জন্য নির্ধারিত কক্ষ পরিদর্শন করেন। পরিদর্শনকালে মুখ্য নির্বাচন আধিকারিকের সঙ্গে ছিলেন গোমতী জেলার জেলা নির্বাচনী আধিকারিক তথা জেলাশাসক ও সমাহর্তা তড়িৎ কান্তি চাকমা, জেলার পুলিশ সুপার নমিত পাঠক, অতিরিক্ত জেলাশাসক সুমিত লোধ, উদয়পুর মহকুমার মহকুমা শাসক জয়ন্ত ভট্টাচার্য প্রমুখ।

গোমতী জেলা সফর শেষে মুখ্য নির্বাচন আধিকারিক পুনিত আগরওয়াল এদিন শান্তিরবাজার মহকুমা শাসক অফিসস্থিত স্ট্রংরুম পরিদর্শন করেন ও গণনার প্রস্তুতি খতিয়ে দেখেন। পরিদর্শনের সময় দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা তথা জেলা নির্বাচন আধিকারিক সিদ্ধার্থ শিব জয়সওয়াল উপস্থিত ছিলেন। স্ট্রংরুম পরিদর্শন শেষে রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক পুনিত আগরওয়াল শান্তিরবাজার মহকুমা শাসক কার্যালয়ের সভাকক্ষে ভোট গণনার প্রস্তুতি নিয়ে এক সভায় মিলিত হন। সভায় দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা তথা জেলা নির্বাচন আধিকারিক সিদ্ধার্থ শিব জয়সওয়াল, দক্ষিণ ত্রিপুরা জেলার পুলিশ সুপার অশোক কুমার সিনহা, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য, মহকুমা পুলিশ আধিকারিক সৌগত চাকমা, জেলার ৭টি বিধানসভা ক্ষেত্রের অ্যাসিস্টেন্ট রিটার্নিং অফিসারগণ ও সংশ্লিষ্ট অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভায় মুখ্য নির্বাচন আধিকারিক লোকসভা নির্বাচনের ভোট গণনার প্রস্তুতি নিয়ে পর্যালোচনা করেন।
